





# त्याणाण जादा हिः क्षिणार्



ক শেয়ালের সঙ্গে এক চিংড়িমাছের আলাপ হলে। আর শেয়াল তাকে বললো; 'এসো আমরা পাল্লা দিয়ে দৌড়োই!' 'বেশ ভাই শেয়াল, দৌড়োনো যাক!' তারপর তারা দৌড়োতে স্থক্ত করলো।







### শেয়াল কেমন করে উড়তে শিখলো

কদিন এক সারস পাথী শেয়ালের কাছে এসে বললো: 'শেয়াল ভায়া, তুমি জানো কেমন করে উড়তে হয়?' 'না, জানি না তো', শেয়াল বললো।


'আচ্ছা, তাহলে আমার পিঠে ওঠে। আর আমি তোমায় শিখিয়ে দেবো।'
শেয়াল সারসের পিঠে উঠলো আর সারস অনেক উঁচু দিয়ে আকাশে
উডতে লাগলো।

'শেয়াল ভায়া, তুমি কি পৃথিবী দেখতে পাচ্ছো?'

'আমি প্রায় দেখতে পাচ্ছি না বললেই হয়—ওটা একটা ছোট্ট গালচের মতো দেখাচ্ছে।'

তখন সারস পিঠ ঝাঁকিয়ে শেয়ালকে ফেলে দিলো। শেয়াল নরম জায়গাতেই পড়লো, একেবারে এক খড়ের গাদার মাঝখানে।

সারস হুস করে নামলো।



'আচ্ছা শেয়াল ভায়া, এখন তুমি উড়তে পারো?' 'আমি উড়তে পারি বটে — কিন্তু মাটিতে নাবাটাই শক্ত।' 'আচ্ছা আবার ওঠো — আমি ভোমায় শিখিয়ে দেবো।'

শেয়াল আবার সারসের পিঠে উঠলো। সারস আবো উঁচুতে উঠলো আর তারপর পিঠ ঝাঁকিয়ে শেয়ালকে দিলো ফেলে।

শেয়াল পড়লে। গিয়ে এক জলায় আর অনেকক্ষণ ধরে হাঁক্পাঁক করেও বেরুতে পারলো না।

আর তাই শেষ পর্যন্ত শেয়ালের আর উড়তে শেখা হলো না।





#### एलाग्राह्य खादा आदास

ক সময় শেয়ালে আর সারসে খুব বন্ধুত্ব ছিলো। একদিন শেয়াল ঠিক করলো সারসকে নেমন্তনু করবে। আর তাই তার সঙ্গে দেখা করতে গিয়ে তাকে খাবার নেমন্তনু করে এলো।

'এসে। ভাই সারস, এসে। বন্ধু আমার, কী ভালো খাওয়াটাই না হবে!'
সারস শেয়ালের বাড়ী নেমন্তনু খেতে গোলো। শেয়াল কিছুটা পরিজ তৈরী
করে রেকাবে ঢাললো। তারপর সারসের সামনে সেটা রেখে বললো:

'ধেয়ে নাও ভাই — আমি নিজে এটা তৈরী করেছি।'

সারস ঠক্ ঠক্, টক্ টক্ করে ঠোঁট দিয়ে রেকাবটা ঠোকরাতে লাগলো বটে কিন্ত একটুও পরিজ থেতে পারলো না। এদিকে শেয়াল কিন্তু দিব্যি চেটেপুটে স্বটা শেষ করলো।

गव পরিজ্ঞ । খাওয়া শেষ হলে শেয়াল বললো:

'কিছু মনে কোরো না ভাই। তোমাকে খেতে দেবার মতো আর কিছুই আমার নেই।' 'ধনাবাদ, শেয়াল ভাই। অনেক ধন্যবাদ। এখন তোমার পালা আমার বাড়ীতে এসে নেমন্তনু খাওয়ার।'

পরের দিন শেরাল সারসের বাড়ী গেলো। সারস কিছুটা ঝোল রেঁধে সেটা এক লম্বা গলাওলা কলসীতে ঢাললো। তারপর সেটাকে টেবিলে রেখে বললো:

'থেয়ে নাও, শেয়াল ভাই, ভোমাকে দেবার মতে। আমার কাছে আর কিছুই নেই।'



শেষাল কলসীটার চারদিকে ক্রমাগতই পাক থেয়ে চললো। একবার এদিক আর একবার ওদিক থেকে ঝোলটা থেতে চেষ্টা করলো। কলসীটার এবানটা একবার চাটলো সেখানটা একবার ভাকলো। কিন্তু তার মাগাটা কিছুতেই ভেতরে গললো না। এদিকে সারস কলসীটার সামনে তার লম্বা ঠ্যাঙে ঘাঁড়ালো আর তার লম্বা ঠোট দিয়ে টেনে ঝোলটা থেতে লাগলো। সে ঠুক্রিয়ে ঠুক্রিয়ে সব ঝোলটা শেষ করলো।

'কিছু মনে কোরো না, শেয়াল ভাই', সে বললো, 'ভোমাকে দেবার মতে। শুধু এটাই ছিলো।'

কাজেই শেয়াল বাড়ী ফিরলে। নিরাশ হয়ে আর খিদে নিয়ে। আর তারপর থেকে শেয়ালের আর সারসের বন্ধুর ছুটে গেলো।





## श्विणल जाइ कलमी

কদিন এক চাঘীমেয়ে ক্ষেতে গেলো। প্রথমে কিন্তু সে দুধভর। একটা কলগাঁ কভকওলো ঝোপের ভেতবে লুকিয়ে রাখলো। শেয়ানটা চুপিসাড়ে কলগীটার কাছে গিয়ে মাখা ভুবিষে ভিভ দিয়ে চেটে-চেটে দুধটা শেষ করলো। কিন্তু বাড়ী যাবার সময— ওমা, কী কাও, কী কাও!—

কিছুতেই সে কলগীটার ভেতর থেকে মাখাটা বার করতে পারলো না।

মাথাটাকে এপাশে-ওপাশে ঝাঁকিয়ে সে এদিক-ওদিক দৌড়তে নাগলো। কিন্ত কোনোই ফল হলো না। অবশেষে সে বললো:

'দেধ কলসী, এবার তোমার তামাসা রাখে।! আমায় ছাড়ো।' কিন্তু কলসীটা শেয়ালকে ছাড়লো ন।। তথন শেয়াল বাস্তবিকই চটে উঠলো।



সে বললো, 'আচ্ছা বেশ, যখন তুমি আমার ছাড়ছো না তখন আমি ভোমায় ডুবিয়ে ছাড়বো।'

আর সে দৌড়ে এক নদীর তীরে গেলো।

কলগীটাকে সে ডোবালো ঠিকই— কিন্তু কলগীটা তাকে নিজের সঙ্গে জলের তলায় টেনে নিয়ে গেলো।





## त्याल जाव बलविल



য়াল একদিন মাটির এক গতেঁ পড়লো। গতিটার কাছে ছিলে। এক গাছ আর সেই গাছে এক বুলবুলি বাসা বাঁধছিলো। বুলবুলিটার ওপর নজর রেখে অনেকক্ষণ শেয়াল গতিটার মধ্যে পড়ে রইলো।

খনশেষে সে বললো, 'বুলবুলি, ওখানে উঁচুতে তুমি কী করছো?' 'বাসা বানাচ্ছি।'

'বাসায় তোমার কিসের দরকার?'

'আমার বাচ্চাদের মানুষ করার জন্যে।'

'বুলবুলি, আমার জন্যে কিছু খাবার নিয়ে এগো। না আনলে তোমার ছানাদের আমি গিলবো।'



বেচারি বুলবুলি অনেকক্ষণ ধরে ভাবলো—
শেয়ালের জন্যে খাবার সে কী করে নিয়ে আগতে
পারে। তারপর সে উড়ে গ্রামে গেলো আর একটা
মুরগী নিয়ে ফিরলো। শেয়ালটা মুরগীটাকে খেমে
বললো:

'বুলবুলি, আমার জন্যে তো ধাবার আনলে, নয় কি?' ' हाँ। अत्निष्ठि।'

'এবার তবে আমার জনো জন নিয়ে এপো।'

বেচারি বুলবুলি অনেকক্ষণ ধরে ভাবলো: শেয়ালের জন্যে জল সে কী করে নিয়ে আসতে পারে? তারপর সে গ্রামে উড়ে গেলো আর শেয়ালের জন্যে কিছুটা জল এলো নিয়ে। জলটা পান করে শেয়াল বললো:

'বুলবুলি, আমার জন্যে তো ধাবার নিয়ে এলে, নয় কি?'

'शा अत्निष्टि।'

'आयात करना एठ। कन निरंग्न এरन, नग्न कि?'

'হা। এনেছि।'

'এবার তবে এই গর্ত থেকে আমাকে বেরুতে সাহায্য করে।'

বেচারি বুলবুলি অনেকক্ষণ ধরে ভাবলো: কী করে শেয়ালকে সে বার করতে পারে। তারপর সে গর্তের মধ্যে ছোট-ছোট কাঠি ফেলতে লাগলো। অবশেষে এতো





কাঠি জমলো যে শেয়াল সেই কাঠির স্তূপের ওপর চড়ে গর্ত থেকে বেরিয়ে আসতে পারলো। বেরিয়ে এসে সে গাছের তলায় গুলো।

সে বললো, 'আচ্ছা বুলবুলি, আমার জন্যে তো খাবার নিয়ে এলে, নয় কি?' 'হঁয়া এনেছি।'

'आयात करना एठ। कन निरंग এरन, नग कि?'

'शँगा अपनिছि।'

'এবারে কিন্তু আমাকে হাসাতে হবে।'

বেচারি বুলবুলি অনেককণ ধরে ভাবলো: শেয়ালকে সে কী করে হাসাতে পারে? অবশেষে সে বললো, 'আমি উড়ি আর, শেয়াল ভাই, তুমি আমার পেছন-পেছন দৌড়োও।'

বুলবুলি গ্রামে উড়ে গিয়ে এক ফটকের ওপর বসলো, শেয়াল বসলো ফটকের পাশে। বুলবুলি তথন চেঁচাতে লাগলো:

'আমাকে একটা পিঠে দাও গিন্নী, আমাকে একটা পিঠে দাও। একটা পিঠে, একটা পিঠে।'

তার ডাক গুনে কুকুরগুলো উঠোন থেকে দৌড়ে এলো আর শেয়ালটাকে তাড়ালো।



শিশু ও কিশোর সাহিত্য ছোট শিশুদের জন্য

তিলোত্মা রাম



ছবি এঁকেছেন ইউ. ভালেৎসোভ অনুবাদ: রেখা চট্টোপাধ্যায় сказки про лису